

১৯৫৩
ইনকিলাব

১৭ JAN 20 3

শিক্ষকদের প্রতি বাকশিস

জাতীয় বিশ্ববিদ্যালয়ের
দ্বিতীয় পরীক্ষায় নিষ্ঠার
সঙ্গে দায়িত্ব পালন করুন

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ কলেজ শিক্ষক
সমিতির (বাকশিস) সভাপতি প্রিন্সিপাল কর্তী
ফারুক আহমদ, সহ-সভাপতি প্রিন্সিপাল
মনসুর রহমান, অধ্যাপক দিদারুল ইসলাম,
প্রিন্সিপাল সাইদুর রহমান, জুইস প্রিন্সিপাল
আব্দুর রব মিল্লা, অধ্যাপক মাহমুদুল হাসান,
অধ্যাপক খান আতিয়ার রহমান ও সাধারণ
সম্পাদক অধ্যাপক আসাদুল হক, অতিরিক্ত
সাধারণ সম্পাদক জুইস প্রিন্সিপাল নূরুন-নবী

সিদ্দিকীসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ জাতীয়
বিশ্ববিদ্যালয়ের অধীনে দেশব্যাপী অনুষ্ঠিতব্য
দ্বিতীয় পরীক্ষায় নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের
জন্য শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন।
একই সাথে শিক্ষক নেতৃবৃন্দ পরীক্ষা
চলাকালীন সময়ে ছাত্র সংসদের কার্যক্রম
স্থগিত, বিভিন্ন রাজনৈতিক দলভুক্ত ছাত্র-
অধ্যক্ষ কর্মীদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশ থেকে
বিরত রাখা এবং পরীক্ষায় দায়িত্ব পালনকারী
শিক্ষক কর্মচারীদের যথোপযুক্ত নিরাপত্তা ও
মর্যাদা নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষের প্রতি
আহবান জানান।